# ভারত সফরে তাজিকিস্তানের প্রেসিডেন্ট
# (ডিসেম্বর ১৪-১৮, ২০১৬)

প্রজাতান্ত্রিক তাজিকিস্তানের প্রেসিডেন্ট মহামান্য জনাব ইমোমালি রাহমান ভারতে একটি রাষ্ট্রীয় সফর করবেন ডিসেম্বর ১৪-১৮, ২০১৬।

এটা প্রেসিডেন্ট রাহমান-এর ষষ্ঠ ভারত সফর। ২০১২ সালে তাঁর শেষ ভারত সফরকালে, দু'দেশ তাদের দ্বিপাক্ষিক সম্পর্ক দীর্ঘমেয়াদি কৌশলগত অংশীদারিত্বের স্তরে উন্নীত হয়। দ্বিপাক্ষিক সম্পর্ক একাধিক বর্ণালী বিষয়ের সহযোগিতা ক্ষেত্রে বিস্তৃত, যথা— রাজনৈতিক, অর্থনৈতিক, স্বাস্থ্য, মানব সম্পদ উন্নয়ন, প্রতিরক্ষা, সন্ত্রাসবাদ বিরোধী, বিজ্ঞান ও প্রযুক্তি, সংস্কৃতি ও পর্যটন।

প্রেসিডেন্ট রাহমান কেরল সফর সেরে নয়াদিল্লি পৌঁছবেন ১৬ ডিসেম্বর। নয়াদিল্লিতে তাঁর সরকারি কাজকর্ম রয়েছে ১৭ ডিসেম্বর, ২০১৬। প্রেসিডেন্ট রাহমান রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায় এবং প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি-সহ ভারতীয় নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করবেন। ভারতের রাষ্ট্রপতি সফরতর প্রেসিডেন্টের সম্মানার্থে ১৭ ডিসেম্বর একটি ভোজ সভার আয়োজন করবেন।

**নয়াদিল্লি**

**ডিসেম্বর ০৮, ২০১৬**